23 JUL 2017
8

সংবাদ

# সমুদ্র সম্পদের সম্ভাবনা কাজে লাগাতে দক্ষ জনবল গড়তে হবে

## শিক্ষামন্ত্রী

নিজস্ব বার্তা পরিবেশক

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, সামুদ্রিক সম্পদের অনুসন্ধান, আহরণ ও সুষ্ঠু ব্যবহারের জন্য এ বিষয়ে প্রযুক্তি, দক্ষতা ও জ্ঞান আয়ত্ত করতে হবে। সমুদ্র সম্পদের সম্ভাবনা ও সুযোগকে কাজে লাগানোর জন্য দক্ষ জনবল গড়ে তুলতে হবে।

শিক্ষামন্ত্রী গতকাল রাজধানীর সেগুনবাগিচায় 'লিগ্যাল রেজিম অ্যাট সি অ্যান্ড গভার্নেন্স অফ মেরিটাইম রিসোর্সেস ফর সাসটেইনেবল ব্লু-ইকোনমি' শীর্ষক দিনব্যাপী আন্তর্জাতিক সেমিনারের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় একথা বলেন।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি (বিএসএমআরএমইউ), বাংলাদেশ এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ব্লু ইকোনমি সেল যৌথভাবে এ সেমিনারের আয়োজন করে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য রিয়ার অ্যাডমিরাল এএসএম আবদুল বাতেনের সভাপতিত্বে অনুষ্ঠানে ভারতের ন্যাশনাল মেরিটাইম ফাউন্ডেশনের চেয়ারম্যান অ্যাডমিরাল আর কে ধাওয়ান (অব.) বক্তৃতা করেন।

মানসম্পন্ন জনবল সৃষ্টির মাধ্যমে জাতীয় অর্থনীতিতে ব্লু ইকোনমির অবদান বাড়াতে হবে-মন্তব্য করে শিক্ষামন্ত্রী বলেন, 'সমুদ্র সম্পদকে কাজে লাগাতে হবে এবং এ সম্পদ রক্ষা ও বিকশিত হওয়ার সুযোগ দিতে হবে। সমুদ্র নীতি বিষয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের রাষ্ট্রনায়কোচিত দূরদৃষ্টিসম্পন্ন দিকনির্দেশনা রয়েছে। এর ফলেই প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে আন্তর্জাতিক আদালতে বিপুল সমুদ্র এলাকা জয়ের মাধ্যমে প্রতিবেশী বন্ধুপ্রতিম দুটি দেশের সঙ্গে বাংলাদেশের সমুদ্রসীমা চিহ্নিত হয়েছে।'

মন্ত্রী আরও বলেন, 'আমাদের সমুদ্র এলাকা এখন প্রায় আমাদের স্থলভাগের আয়তনের সমান। এর ফলে সমুদ্র সম্পদ আহরণের যে বিপুল সম্ভাবনা তৈরি হয়েছে, এ সম্ভাবনা কাজে লাগাতে হবে।'

মেরিন সায়েন্সের বিকাশ ও শিক্ষার্থীদের এ বিষয়ে আগ্রহী করে তোলার জন্য সরকার বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করছে জানিয়ে তিনি বলেন, 'সমুদ্র সম্পদের ক্রমবর্ধমান গুরুত্ব অনুধাবন করে এবং ভবিষ্যতে সমুদ্র সম্পদ ব্যবস্থাপনার জন্য যোগ্য ও দক্ষ মানবসম্পদ তৈরির লক্ষ্যে সমুদ্র বিজ্ঞান বিষয়ে বিশেষায়িত বিশ্ববিদ্যালয় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি প্রতিষ্ঠা করা হয়েছে। এ বিশ্ববিদ্যালয়ে স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে মেরিটাইম সংক্রান্ত বিভিন্ন বিষয়ে কোর্স চালু করা হয়েছে এবং ভবিষ্যতে আরও কোর্স চালু করা হবে।'

নুরুল ইসলাম নাহিদ বলেন, কক্সবাজার জেলার রামুতে বাংলাদেশ ওশানোগ্রাফি রিসার্চ ইনস্টিটিউট প্রতিষ্ঠা করা হয়েছে। দেশের অর্জিত সমুদ্রসীমায় খনিজ সম্পদ অনুসন্ধান, উন্নত প্রযুক্তি উদ্ভাবন, সম্পদ আহরণ, দক্ষ জনবল তৈরি এবং উচ্চশিক্ষা ও গবেষণায় এ বিশ্ববিদ্যালয় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে তিনি আশা প্রকাশ করেন।